

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
আদমদীঘি, বগুড়া।


উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটিঃ

সভাপতি: মোছা: সালমা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া।
সভার স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার তারিখ: ০৪/০১/২০২২ খ্রি.
সময়: বিকাল ৩.৩০ ঘটিকা

অদ্য ০৪/০১/২০২২ খ্রি. তারিখে উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। পরবর্তীতে সদস্য সচিব কে সভার কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। সদস্য সচিব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
<p>উপজেলা প্রকৌশল বিভাগঃ আলোচ্য সূচী উপজেলা প্রকৌশলী জানান যে, খাতওয়ারী প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন: উপজেলা অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে অবগত করেন যে, স্থানীয় সরকার কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি এর বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া উপজেলা পরিষদের রাজস্ব হতে অর্থ বরাদ্দ পাওয়া যাবে। প্রাপ্ত বরাদ্দ এডিপি এর নির্দেশিকা মোতাবেক প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন করা প্রয়োজন। গৃহীত প্রকল্পের মধ্যে কৃষি ও সেচ, মৎস্য ও প্রাণিসম্পদ, ক্ষুদ্র ও কুটির শিল্প, টয়লেট, শিক্ষাঙ্গন, স্বাস্থ্য পানীয় সম্পদ, রাস্তা, ড্রেন ও কালভার্ট ইত্যাদি খাতের প্রকল্প সমূহ টেন্ডার মাধ্যমে বাস্তবায়নের জন্য দরপত্র গ্রহন করা হবে। এ বিষয়ে শীঘ্রই সিদ্ধান্ত গ্রহন করা প্রয়োজন।</p>	<p>এডিপি এর নির্দেশিকা মোতাবেক প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন করা হবে</p>	<p>উপজেলা প্রকৌশলী</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোছা: সালমা বেগম)
সভাপতি

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ
আদমদীঘি, বগুড়া

স্মারক নং-এলজিইডি/উপ-প্র/আদম/বগ/২০২১-

তারিখ: ০৪/০১/২০২২ খ্রি.

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আদমদীঘি, বগুড়া
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া
- ৪। অফিস কপি


০৪-০১-২০২২
(সাজেদুর রহমান)

সদস্য সচিব

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি
উপজেলা প্রকৌশলী
আদমদীঘি, বগুড়া